# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০২০/ তারিখ-

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ১৬/০১/২০২০ খ্রিঃ তারিখ রোজঃ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। বস্তি উন্নয়ন কাজের ব্যয় নির্বাহের জন্য ২য় কিস্তির টাকা প্রাপ্তি প্রসঙ্গে।
৩। বস্তি উন্নয়ন কাজের অনুমোদিত কাজের মধ্যে সোলার স্টিট লাইট এর প্রাক্কলন সংশোধন বিষয়ে।
৪। বিবিধ।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

.................................................................

সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট।

### সভা নং-৬৮

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি'র (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ পৌরসভা মিলনায়তন। |
| তারিখ | ঃ ১৬/০১/২০২০খ্রিঃ। |
| রোজ | ঃ বৃহস্পতিবার। |
| সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা। |

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

**আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।**

**আলোচনা** ঃ- গত ১১/১২/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ- গত **১১/১২/২০১৯** খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

**২নং আলোচ্য বিষয় ঃ বস্তি উন্নয়ন কাজের ব্যয় নির্বাহের জন্য ২য় কিস্তির টাকা প্রাপ্তি প্রসঙ্গে।**

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে আলোচনা কালে বলেন, আপনারা অবগত আছেন বস্তি উন্নয়ন কাজের ১ম পর্যায়ের কাজ অর্থাৎ ১ম কিস্তির কাজ সম্পন্ন করে গত অক্টোবর/২০১৯ মাসে বিল ভাউচার প্রস্তুত করে তার ফটোকপি সত্যয়িত করে প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছিল। যার ফলে চলতি মাসে ২য় কিস্তির টাকা জয়পুরহাট পৌরসভার নামে বরাদ্দ হয়েছে বলে আমরা জানতে পেরেছি। বিষয়টি আরো বিস্তারিত ভাবে আলোচনা করার জন্য এ কমিটির সদস্য সচিব মোঃ হাসানুজ্জামান কে অনুরোধ করেন। মোঃ হাসানুজ্জামান বলেন, আমরা প্রকল্প অফিস হতে জানতে পেরেছি গত ১৪/১/২০২০ ইং তারিখে বস্তি উন্নয়ন কাজের ব্যয় নির্বাহের জন্য জয়পুরহাট পৌরসভার চলতি হিসাব নং ০২০০০১১৫২১৯৮৪ অগ্রণী ব্যাংক লিঃ জয়পুরহাট শাখা বরাবর ১,১০,০০,০০০/- টাকা প্রেরণ করেছেন। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্তে উপনীত হন।

**সিদ্ধান্ত** ঃ UGIIP-III প্রকল্পের অর্থায়নে চলমান ০৭টি বস্তিতে ভৌত কাজ বাস্তবায়নের জন্য বস্তি সমূহে গঠিত বস্তি উন্নয়ন কমিটির সভাপতি ও সদস্য সচিব এর যৌথ স্বাক্ষরে বস্তি উন্নয়ন কমিটির নামে খোলা অগ্রণী ব্যাংক হিসাবে পৌরসভার ব্যাংক হিসাব থেকে ২৫% হিসেবে টাকা স্থানান্তরের জন্য মেয়র মহোদয় বরাবর আবেদন করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হলো।

**আলোচ্য সূচি-৩ ঃ বস্তি উন্নয়ন কাজের অনুমোদিত কাজের মধ্যে সোলার স্টিট লাইট এর প্রাক্কলন সংশোধন বিষয়ে।**

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে আলোচনার সূত্রপাত করলে এ কমিটির সদস্য সচিব মোঃ হাসানুজ্জামান সভাপতির অনুমতি নিয়ে বলেন, UGIIP-III প্রকল্প স্মারক নং-৪৬.০২.০০০০.৭৯৬.১৪.০৬.১৯.৯৮(৩৫) তারিখঃ ০৯/০১/২০২০ খ্রিঃ মূলে একখানা পত্র প্রেরণ করেছেন। উক্ত পত্র অনুযায়ী বস্তি উন্নয়ন কাজের আইটেম এর মধ্যে সোলার স্টিট লাইট এর প্রাক্কলন সংশোধন করে প্রতিটি সোলার স্টিট লাইট এর জন্য ৯৪,৪৮১.৭৯ টাকা প্রাক্কলন প্রস্তুত করেছেন। আলোচ্য বিষয়ে এ কমিটির সদস্য মিসেস রোজী বেগম বলেন, আমরা জানি প্রতিটি স্টিট লাইট এর জন্য ১,২৫,০০০/- টাকা বরাদ্দ আছে। সংশোধন করে প্রাক্কলন ব্যয় কমানো হয়েছে, তাহলে কি কাজ গুনগত মান ঠিক রাখা সম্ভব

হবে। এ প্রসঙ্গে নির্বাহী প্রকৌশলী (ভাঃ) জনাব এ টি এম মোস্তাফিজুর রহমান বলেন, আমরা সম্ভবত অবগত আছেন গত অক্টোবর মাসে স্টিট লাইট এর প্রাক্কলন সংশোধন করে ৮৩,০০০/- মত করা হয়েছিল। তাই প্রকল্প অফিসের পরার্মশক প্রতিষ্ঠান পর্বতীতে আরো যাচাই করে বর্তমান প্রাক্কলন প্রস্তুত করেছেন। আমি আশা করি এই প্রাক্কলন অনুযায়ী কাজ করলে গুনগত মান ভাল হবে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ সংশোধিত প্রাক্কলন বিষয়ে বস্তি উন্নয়ন কমিটি সমূহে অবগত করণ এবং স্টিট লাইট কাজ শুরু করার সময় বস্তির সভাপতিগণ পৌরসভা ও প্রকল্পের প্রকৌশলীদের সার্বিক সহযোগিতা নিয়ে কাজ বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**(মোঃ বিপুল খান)**
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০/

তারিখ-

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা

২। জনাব/জনাবা ........................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)

৩। অফিস নথি।

**(মোঃ বিপুল খান)**
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, সংরক্ষিত-৬, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১৬/০১/২০২০ ইং।
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ ১১.০০ ঘটিকা।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী(ভাঃ) জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | সাহানাজ |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | মর্জিনা |